দৈনিক খবর

তারিখ ...25 DEC..1990..
পৃষ্ঠা... ৬ ......কলাম...৭... ...

42

# ছাত্র সংঘর্ষ ঃ কে সি কলেজ বন্ধ ঘোষণা

ঝিনাইদহ, ২৪শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– আজ সোমবার দুপুরে স্থানীয় কে সি কলেজ চত্বরে ইসলামী ছাত্র শিবির ও সর্বদলীয় ছাত্র ঐক্যের মধ্যে এক সংঘর্ষে প্রায় ৩০ জন ছাত্র আহত হয়েছে। আহতদের মধ্যে গুরুতর ৪ জনকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ব্যাপারে কর্তৃপক্ষ ৭ দিনের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

জানা গেছে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গোলযোগের কারণে স্থানীয় কলেজ চত্বরে উভয় দলই মিছিল বের করে। মিছিলে পরস্পর-বিরোধী শ্লোগানে ঘটনার জন্য একে অপরকে দায়ী করে। এক পর্যায়ে উভয় মিছিল সামনাসামনি হলে সংঘর্ষ বেঁধে যায়। এক পর্যায়ে ইসলামী ছাত্র শিবির পিছু হটে যায়।

এ ব্যাপারে থানায় কোন মামলা হয়নি। উত্তেজনা বিরাজ করছে, তবে পুলিশ টহল অব্যাহত রয়েছে।